

148535 - মোবাইলের ব্যাকগ্রাউন্ডে কোন মৃতব্যক্তির ছবি সেট করা

প্রশ্ন

মোবাইল বা মেসেঞ্জারের ব্যাকগ্রাউন্ডে কোন মৃতব্যক্তির ছবি সেট করা কি জায়েয?

প্রিয় উত্তর

মোবাইল ও কম্পিউটার ডিভাইসে যে ছবিগুলো রাখা হয় এবং ভিডিওর মাধ্যমে যে ছবিগুলো তোলা হয় সেগুলো ফটোগ্রাফির বিধান গ্রহণ করবে না— সেগুলো স্থির ও অবিচল না থাকার কারণে। তবে সেগুলোকে প্রিন্ট করে বের করা হলে সেগুলো ফটোগ্রাফির বিধানে পড়বে। তাই মোবাইলে এ ধরনের ছবি রাখায় কোন দোষ নেই; যতক্ষণ পর্যন্ত না তাতে হারাম কিছু না থাকে; যেমন নারীদের ছবি হওয়া।

কিন্তু কোন মৃতব্যক্তির ছবিকে মোবাইলের ব্যাকগ্রাউন্ড বা মেসেঞ্জারের ব্যাকগ্রাউন্ড বানানো উচিত নয়। এতে করে দুঃখ ও বেদনা তাজা হয় কিংবা মৃতব্যক্তি শিক্ষক বা অভিভাবক পর্যায়ের কেউ হলে তার প্রতি মাত্রাতিরিক্ত সম্মান ও সীমালঙ্ঘন ঘটে। যদিও বাস্তবে এতে অসম্মানও ঘটে থাকে। যেহেতু মোবাইল ডানেবামে পড়ে থাকে। মোবাইল নিয়ে টয়লেটেও যাওয়া হয়।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।